

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭৯(শৃঙ্খলা)/২০১৮-২০১৯/

তারিখ : ১২.০৫.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আবদুল খালেক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ইতোপূর্বে ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলাধীন বিকেবি, আখাউড়া শাখায় ব্যবস্থাপক (মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর-০৪/২০১৮-২০১৯ রুজুপূর্বক অত্র বিভাগের বিগত ১৭-০৯-২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭৯/২০১৮-২০১৯/৭৪১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ আবদুল খালেক আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধে দোষী সাব্যস্ত করিয়া লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(ক)(অ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ আবদুল খালেক আপনাকে তিরস্কার দণ্ডের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আবদুল খালেক (এ-৬৭৪২)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
কেন্দ্রীয় হিসাব বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭৯(শৃঙ্খলা)/২০১৮-২০১৯/

তারিখ : ১২.০৫.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। এতদসঙ্গে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ আবদুল খালেক এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, আখাউড়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া।
- ১১। নথি/মহানথি/মূলনথি।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক